গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

**বিষয়: রেলপথ মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৭ ফেব্রুয়ারি ২০২২ |
| সময় | : | বেলা ১২:০০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ (৮ম তলা), রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক'।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান করোনা পরিস্থিতির কারণে দীর্ঘদিন সমন্বয় সভা অনুষ্ঠিত হয়নি, এখন থেকে নিয়মিত এ সভা অনুষ্ঠিত হবে। সভাপতির অনুমতিক্রমে ২৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং এতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণীটি অনুমোদন করা হয়। পরবর্তীতে সভার আলোচ্যসূচি অনুযায়ী গত সভায় গৃহিত সিদ্ধান্তসমুহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমুহ সর্বসম্মতভাবে গৃহিত হয়ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | **ক) মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ**<br>সভায় জানানো হয় মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত ০৪ টি সিদ্ধান্ত অনিষ্পন্ন রয়েছে। এ সকল সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে।<br><br>খ) সভায় জানানো হয় The Railways (Amendment) Act, 2021 বাংলায় প্রস্তুতের কাজ চলমান রয়েছে। সভাপতি মার্চ/২০২২ এর মধ্যে The Railways (Amendment) Act, 2021 মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং<br>(খ) The Railways (Amendment) Act, 2021 চূড়ান্ত করে মার্চ/২০২২ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে; এবং<br><br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে; এবং<br>২। অতিরিক্ত সচিব (আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়। |
| | **গ) রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে সম্পর্কিতঃ**<br>সভায় জানানো হয় বাংলাদেশ রেলওয়ের নিকট রেলপথ মন্ত্রণালয়ের ৩৮টি এবং রেলপথ মন্ত্রণালয়ের নিকট বাংলাদেশ রেলওয়ের ৭টি বিষয় অনিষ্পন্ন রয়েছে যা সংযুক্তি-১ এ দেখানো হয়েছে। এছাড়া বাংলাদেশ রেলওয়ে থেকে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরিত বেশ কিছু প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা, ডিপিপি, আরডিপিপি, পিডিপিপি এবং সমীক্ষা সঙ্ক্রান্ত বিষয় অনিস্পন্ন রয়েছে। সভাপতি অনিষ্পন্ন সকল বিষয় ৩০ মার্চ/ ২০২২ এর মধ্যে সম্পন্নের নির্দেশনা দেন এবং ২৪.০৮.২০১৮ তারিখে রাজশাহী স্টেশনে সম্পাদিত বিশেষ পরিদর্শন প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ২০১৭-১৮ অর্থ বছরের পশ্চিমাঞ্চলের রাজস্ব বাজেটের আওতায় যে সকল প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এর উপর একটি Presentation ০৭ মার্চ/২০২২ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে কে অনুরোধ করেন। | (ক)রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের অনিষ্পন্ন বিষয়াদি ৩০ মার্চ/ ২০২২ এর মধ্যে নিষ্পত্তি করতে হবে;<br><br>(খ) রাজশাহী স্টেশনে সম্পাদিত বিশেষ পরিদর্শন প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ২০১৭-১৮ অর্থ বছরের পশ্চিমাঞ্চলের রাজস্ব বাজেটের আওতায় যে সকল প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এর উপর একটি Presentation ০৭ মার্চ ২০২২ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণে করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়;<br>৩। শাখা কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয়। |

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.২ | **অডিট আপত্তিঃ**<br>সভায় অডিট আপত্তি বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়ঃ<br>(ক) রেলপথ মন্ত্রণালয়ে কোন অডিট আপত্তি পেন্ডিং নাই;<br>(খ) রেলপথ মন্ত্রণালয় এর আওতাধীন রেলপথ পরিদর্শন অধিদপ্তর-এ কোন অডিট আপত্তি পেন্ডিং নাই;<br>(গ) বাংলাদেশ রেলওয়েতে অনিষ্পন্ন অডিট আপত্তি ৪৯৮৯টি (পুঞ্জীভূত) এবং এতে ১৩,২৫,১২,৯২২ টাকার (পুঞ্জীভূত) (হাজার টাকা) সংশ্লিষ্টতা রয়েছে। জানুয়ারি মাসে ২৫০টি অডিট আপত্তি নিষ্পন্ন হয়েছে। বর্তমানে ৪৭৩৯ টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।<br>অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয় সভায় জানান, জাতীয় সংসদের পিএ কমিটি'তে আলোচিত ও অনিষ্পন্ন ৫৪টি অডিট আপত্তির ব্রডশিট জবাব প্রেরণের জন্য বাংলাদেশ রেলওয়েতে পত্র দেয়া হয়, ৪টির জবাব পাওয়া গেছে। তিনি অবশিষ্ট ৫০টি অডিট আপত্তির জবাব দ্রুত প্রেরণের জন্য ডিজি, বি,আর কে অনুরোধ করেন। এছাড়া তিনি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ইতোপূর্বে সফটওয়্যার এর মাধ্যমে অডিট নিষ্পত্তির উদ্যোগ বাস্তবায়নের অনুরোধ করেন।<br>সভাপতি একটি কমিটি গঠনের মাধ্যমে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির নির্দেশনা দেন। এছাড়া জাতীয় সংসদের পিএ কমিটি'তে আলোচিত ও অনিষ্পন্ন অডিট আপত্তিগুলোর ব্রডশিট জবাব দ্রুত প্রেরণের জন্য ডিজি বি,আর কে অনুরোধ করেন। | (ক) একটি কমিটি গঠনের মাধ্যমে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে;<br>(খ) জাতীয় সংসদের পিএ কমিটি'তে আলোচিত ও অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ, রেলওয়ে;<br>২। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়;<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে;<br>৪। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.৩ | **ই-নথির কার্যক্রমঃ**<br>সভাপতি বাংলাদেশ রেলওয়েতে ই-নথির কার্যক্রম আরও ত্বরান্বিত করার লক্ষ্যে একটি কর্ম-পরিকল্পনা প্রস্তুত এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল শাখায় ই-নথির ব্যবহার নিশ্চিতকরণসহ ডাক ই-নথিতে নিষ্পত্তি করার জন্য নির্দেশনা দেন। | রেলভবনসহ বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলের প্রতিটি বিভাগে ই-নথি চালু করার জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা তৈরি করতে হবে এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল শাখায় ই-নথির ব্যবহার নিশ্চিতকরণসহ নিষ্পত্তি করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়;<br>৩। সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে।<br>৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.৪ | **বিভাগীয় মামলা নিষ্পত্তিঃ**<br>সভায় জানানো হয়, রেলপথ মন্ত্রণালয়ে ৩৪টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। জানুয়ারি/২০২২ মাসে কোন মামলা নিষ্পত্তি হয়নি;<br>বাংলাদেশ রেলওয়েতে চলমান ২৫৪টি বিভাগীয় মামলার মধ্যে জানুয়ারি/২০২২ মাসে ৩২টি মামলা নিষ্পত্তি হয়েছে। বর্তমানে ২২২টি মামলা অনিষ্পন্ন রয়েছে; এবং<br>রেলপথ পরিদর্শন অধিদপ্তরে কোন বিভাগীয় মামলা পেন্ডিং নেই। | (ক) অনিষ্পন্ন বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রম সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক দ্রুত সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে;<br>(খ) বিভাগীয় মামলার সমস্যাগুলো চিহ্নিত করে নিষ্পত্তি উদ্যোগসহ ক্রমান্বয়ে মামলা নিষ্পত্তির সংখ্যা আরও বৃদ্ধি করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>৩। উপসচিব (প্রশাসন-৩), রেলপথ মন্ত্রণালয়। |

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.৫ | **জনবল নিয়োগ ও প্রশিক্ষণঃ**<br>১.<br>(ক) বাংলাদেশ রেলওয়েতে ৫৬০ টি সহকারী স্টেশন মাস্টার পদে নিয়োগের নিমিত্তে ২২ নভেম্বর ২০২১ আবেদন গ্রহণ শেষ হয়েছে, আবেদন জমা পড়েছে ৩,৭৩,৪৪৫টি।<br>(খ) বাংলাদেশ রেলওয়েতে পয়েন্টসম্যানের ৭৬২টি পদে নিয়োগের নিমিত্তে ২৮ ডিসেম্বর ২০২১ আবেদন গ্রহণ শেষ হয়েছে, আবেদন জমা পড়েছে ৩,১২,৩১৫টি।<br>(গ) খালাসী পদের ১০৮৬টি পদে নিয়োগের নিমিত্তে ৯ ডিসেম্বর ২০২১ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে, বর্তমানে অনলাইনে আবেদন প্রক্রিয়া চলমান রয়েছে।<br>(ঘ) সহকারী লোকোমোটিভ মাস্টার গ্রেড ক্যাটাগরি-২ এর ২৮০ টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি ১৭.০১.২০২২ তারিখে প্রকাশিত হয়েছে। অনলাইনে আবেদন প্রক্রিয়া চলমান রয়েছে।<br>২.<br>ক. ২০২১-২০২২ অর্থবছরে জানুয়ারি মাসে রেলপথ মন্ত্রণালয়ের ৪র্থ শ্রেণির ৩৭ (সাইত্রিশ) জন কর্মচারীকে ১৬.০১.২০২২ এবং ২য় ও ৩য় শ্রেণির ৪২ (বিয়াল্লিশ) জন কর্মকর্তা/কর্মচারীকে ১৮.০১.২০২২ তারিখে প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>খ. ২০২১-২০২২ অর্থবছরে জানুয়ারী মাসে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ২৬ জন কর্মকর্তা/কর্মচারীদেরকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>সভাপতি বলেন যে, নিয়োগ বিধির কার্যক্রম যথাযথভাবে ও দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। তিনি রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারিদের জন্য আয়োজিত প্রশিক্ষণের তথ্যাদি সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা দেন। | (ক) নিয়োগ কার্যক্রম বিধি মোতাবেক যথাযথভাবে ও দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে;<br>(খ) মাঠ পর্যায়ে আয়োজিত বাংলাদেশ রেলওয়ের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি অঞ্চল ভিত্তিক সমন্বিত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>(গ) প্রতিমাসে আয়োজিত প্রশিক্ষণের তথ্যাদি সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ, রেলওয়ে।<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়;<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে;<br>৪। অতিরিক্ত মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক/ প্রধান সংস্থাপন কর্মকর্তা/ বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.৬ | **রেলওয়ের সেবার মানোন্নয়ন (মোবাইল কোর্ট, পরিস্কার-পরিচ্ছন্নতা, নির্ধারিত সময়ে ট্রেন পরিচালনা, পরিদর্শন ইত্যাদি):**<br>(ক) মোবাইল কোর্ট পরিচালনাঃ<br>সভায় কমলাপুর, বিমানবন্দর, টঙ্গী, জয়দেবপুর, ভৈরব এবং ব্রাহ্মণবাড়িয়া স্টেশনসহ বড় বড় রেলওয়ে স্টেশনগুলোতে নিয়মিত মোবাইলকোর্ট পরিচালনার উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় জানানো হয়, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগনকে দিয়ে বিভিন্ন জেলার রেলওয়ে স্টেশনে মোবাইল কোর্ট পরিচালনার জন্য সচিব মহোদয়ের স্বাক্ষরে ইতোমধ্যে জেলা ম্যাজিষ্ট্রেটগণকে আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়েছে। | কমলাপুর, বিমানবন্দর টঙ্গী, জয়দেবপুর, ভৈরব এবং ব্রাহ্মণবাড়িয়া স্টেশনসহ বড় বড় রেলওয়ে স্টেশনগুলোতে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে; | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>৩। উপসচিব (প্রশাসন-৬) , রেলপথ মন্ত্রণালয়। |
| | (খ) পরিস্কার-পরিচ্ছন্নতা:<br>সভায় ট্রেন এবং রেলওয়ে স্টেশনের পরিস্কার-পরিচ্ছন্নতা সম্পর্কে প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন দাখিল করার জন্য রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করা হয়।<br>সভাপতি স্টেশনের টয়লেট ও প্লাটফরম পরিস্কার-পরিচ্ছন্ন করা, স্টেশন সংলগ্ন রেল লাইন/ট্রাক পরিস্কার-পরিচ্ছন্ন করা এবং স্টেশন বিল্ডিং-এর ছাদ/কার্নিশ নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন করার জন্যও নির্দেশনা দেন। | (ক) রেল এবং রেল স্টেশনে পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য অভিযান অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিল করতে হবে;<br>(খ) স্টেশনের টয়লেট ও প্লাটফরম পরিস্কার-পরিচ্ছন্ন করা, স্টেশন সংলগ্ন রেল লাইন/ট্রাক পরিস্কার-পরিচ্ছন্ন করা এবং স্টেশন বিল্ডিং-এর ছাদ/কার্নিশ নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>২। মহাব্যবস্থাপক, (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে;<br>৩। বিভাগীয় রেলওয়ে ম্যানেজার (সকল), বাংলাদেশ রেলওয়ে। |

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>(গ) সময়ানুবর্তিতার সাথে ট্রেন পরিচালনাঃ<br><br>এপিএর লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রেনের সময়ানুবর্তিতার হার বৃদ্ধি এবং সময়সূচিতে বিচ্যুতি হ্রাস করে ট্রেন পরিচালনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়। সভাপতি এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ট্রেনের সময়ানুবর্তিতার হার বৃদ্ধি এবং সময়সূচিতে বিচ্যুতি সর্বনিম্ন পর্যায়ে আনার জন্য রেলওয়ে ট্র্যাক রক্ষণাবেক্ষণ উন্নত করার নির্দেশনা দেন। তিনি বাংলাদেশ রেলওয়ের ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রার বিপরীতে যে সকল কার্যক্রমের অর্জন পিছিয়ে রয়েছে তা চিহ্নিত করে প্রমাপ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা দেন।</td><td>(ক) এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রেনের সময়ানুবর্তিতার হার বৃদ্ধি এবং সময়সূচিতে বিচ্যুতি হ্রাস করতে হবে;<br><br>(খ) বাংলাদেশ রেলওয়ের ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রার বিপরীতে যে সকল কার্যক্রমের অর্জন পিছিয়ে রয়েছে তা চিহ্নিত করে প্রমাপ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>১। মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে;<br>৩। সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
<tr><td></td><td>(ঘ) পরিদর্শন:<br>সভাপতি বলেন যে, রেলওয়ের সেবার মানন্নোয়নের লক্ষ্যে রেল ও রেলস্টেশন নিয়মিত পরিদর্শন করতে হবে এবং রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক সম্পাদিত পরিদর্শনের তথ্যাদি প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td>রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাগণের রেল ও রেলস্টেশন নিয়মিত পরিদর্শনের তথ্যাদি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবংসমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td>১। মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়;<br>৩। মহাব্যবস্থাপক, (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে;<br>৪। বিভাগীয় রেলওয়ে ম্যানেজার (সকল), বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
<tr><td>৩.৭</td><td>রেলওয়ের নিরাপত্তা ব্যবস্থাঃ<br>অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ বলেন যে, ট্রেনের ছাদে ভ্রমণরোধে রেলওয়ে পুলিশের পক্ষ থেকে অভিযান অব্যাহত রয়েছে এবং ট্রেনের যাত্রী ও মালামালের নিরাপত্তা নিশ্চিতকল্পে ব্যবস্থা নেয়া হচ্ছে। রেলওয়ে পুলিশ কর্তৃক পরিচালিত জানুয়ারি ২০২২ মাসে কার্যক্রম নিম্নরূপঃ
<table>
<tr><th>মাস</th><th>মোবাইল কোর্ট</th><th>পুলিশ অভিযান</th><th>যাত্রী গ্রেফতার</th><th>কারাদন্ড</th><th>বিচারাধীন</th><th>জরিমানা আরোপ</th><th>জরিমানার পরিমাণ</th><th>উদ্ধারকৃত মালামাল এর মূল্য</th></tr>
<tr><td>জানু ২২</td><td>১৪টি</td><td>২৫৩১ টি</td><td>১২,৫৫৬ জন</td><td>১৬ জন</td><td>৭০ জন</td><td>৩২৫১৯জন</td><td>৪৭,৩০,০২৫/</td><td>৫৩,০৪,১৮৯/</td></tr>
</table>
চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), আরএনবি বলেন যে, ট্রেনের ইঞ্জিন, পাওয়ার কার ও ছাদে ভ্রমণ প্রতিরোধে আরএনবি বিভাগ কর্তৃক নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। চীফ কমান্ড্যান্ট (পশ্চিম) আরএনবি বলেন, জানুয়ারি/২২ মাসে টিকেট কালোবাজারী প্রতিরোধে পশ্চিম অঞ্চলে ৩৫টি অভিযান পরিচালিত হয় এবং একজনকে গ্রেফতার করে জি আর পি থানায় হস্তান্তর করা হয়। এছাড়া রেলওয়ে সম্পত্তি (অবৈধ দখল উদ্ধার) আইন, ২০১৬ এর রুজুকৃত তিনটি মামলায় ০৫ জনকে আসামী করা হয়েছে। সভাকে অবহিত হয় যে, বিনা টিকেটে যাত্রী ট্রেনের ভিতরে ও ছাদে যাতে ভ্রমণ করতে না পারে</td><td>(ক) ট্রেনের যাত্রী ও মালামালের নিরাপত্তা নিশ্চিত করতে হবে;<br><br>(খ) বিনা টিকেটে যাত্রীদের ট্রেনের ভিতরে ও ছাদে ওঠা বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপরোধে জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br><br>(গ) গুরুত্বপূর্ণ রেলওয়ে স্টেশনগুলোর পকেট গেট বন্ধকরণসহ স্টেশনে ফেন্সিং করতে হবে;</td><td>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন)/ অতিরিক্ত সচিব (আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়;<br>৩। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ।<br>৪। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>সেজন্য নিয়মিত বিভিন্ন ট্রেনে বিশেষ চেকিং ও গুরুত্বপূর্ণ স্টেশনে ব্লক চেকিং কার্যক্রম পরিচালনা করা হয়।<br>সভাপতি বলেন যে, টিকেট চেকিং নিয়মিত মনিটরিং করতে হবে। যাত্রীরা যাতে বিনা টিকিটে রেল স্টেশনে ঢুকতে না পারে সে জন্য গুরুত্বপূর্ণ স্টেশনগুলোর পকেট গেট বন্ধ এবং স্টেশনে ফেন্সিং করতে হবে।</td><td>(ঘ) রেল স্টেশনের নিরাপত্তা, পরিস্কার-পরিচ্ছন্নতা, টিকেট কালো-বাজারী, হকার ও হিজরার উৎপাত রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>৫। চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), রেলওয়ে নিরাপত্তা বাহিনী, বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
<tr><td>৩.৮</td><td>রেলওয়ের রাজস্ব আয়-ব্যয়ঃ<br>সভাপতি ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ও এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সর্বাত্নক উদ্যোগ গ্রহণের নির্দেশ দেন।</td><td>২০২১-২২ অর্থবছরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ও এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২।অতিরিক্ত সচিব বাজেট ও পরিবীক্ষণ/প্রশাসন রেলপথ মন্ত্রণালয়;<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে;<br>৪। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
<tr><td>৩.৯</td><td>অবৈধ স্থাপনা উচ্ছেদঃ<br>জানুয়ারি ২০২২ মাসে অবৈধ রেলভূমি উদ্ধারের তথ্যাদি নিম্নরূপঃ
<table>
<tr><th>দপ্তর</th><th>মোট জমি পরিমাণ (একর)</th><th>জানু:/২২ মাসের প্রারম্ভে অবৈধ দখলে জমি (একর)</th><th>জানু:/২২ মাসে উদ্ধারকৃত জমি (একর)</th><th>জানু:/২২ শেষে অবৈধ দখলে জমি (একর)</th></tr>
<tr><td>পূর্ব</td><td>২৪৪৪০.৯৩</td><td>২৮৯.৬০০০১৬</td><td>৫.০৪ একর</td><td>২৮৪.৫৬০০১৬ একর</td></tr>
<tr><td>পশ্চিম</td><td>৩৭৪১৯.৩৫</td><td>২৪৫২.৮৯৪৯</td><td>৬.৬৮ একর</td><td>২৪৪৬.২১৪৯ একর</td></tr>
<tr><td>মোট</td><td>৬১৮৬০.২৮</td><td>২৭৪২.৪৯৪৯১৬</td><td>১১.৭২ একর</td><td>২৭৩০.৭৭৪৯১৬ একর</td></tr>
</table>
সভাপতি অবৈধ রেলভূমি উচ্ছেদের মাসিক ও বাৎসরিক টার্গেট অনুযায়ি কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখা এবং উদ্ধারকৃত রেলভূমি যেন পুনরায় অবৈধ দখলে না যায়, সে জন্য RCC পিলার ও কাঁটা তারের বেড়া দেয়া এবং স্টেশনে কোন অবৈধ দোকান/স্থাপনা থাকলে তাও উচ্ছেদ করার জন্য নির্দেশনা দেন। এছাড়া তিনি জেলা আইন শৃঙ্খলা/উন্নয়ন সমন্বয় সভায় এ বিষয়ে আলোচনা করারো নির্দেশনা দেন।</td><td>(ক) বাংলাদেশ রেলওয়ের জমির অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং জেলা আইন শৃঙ্খলা/উন্নয়ন সমন্বয় সভায় এ বিষয়ে আলোচনা করতে হবে;<br>(খ) উদ্ধারকৃত জমি যেন পুনরায় অবৈধ দখলে না যায় সে জন্য RCC পিলার ও কাঁটা তার দিয়ে বেড়া দিতে হবে।</td><td>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২। অতিরিক্ত সচিব (আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়;<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (আই/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে;<br>৪। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৫। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.১০</td><td>

**বাংলাদেশ রেলওয়ের সার্টিফিকেট মামলাঃ**

জানুয়ারি ২০২২ পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের সার্টিফিকেট মামলার বিবরণ নিম্নরূপ:

<table>
<tr><th>অঞ্চল</th><th colspan="2">জানুয়ারি ২০২২ মাসে জের</th><th colspan="2">জানুয়ারি ২০২২ মাসে দায়ের</th><th colspan="2">জানুয়ারি ২০২২ মাসের নিষ্পত্তি</th><th colspan="2">জানুয়ারি ২০২২ মাস শেষে</th></tr>
<tr><th></th><th>মামলা</th><th>দাবীকৃত টাকার পরিমাণ</th><th>মামলা</th><th>টাকার পরিমাণ</th><th>মামলা</th><th>আদায়কৃত টাকার পরিমাণ</th><th>মামলা</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>পূর্ব</td><td>১০৭</td><td>৫,৭১,৬৪,৪০৯</td><td>-</td><td>-</td><td>-</td><td>৮৭০৮১</td><td>১০৭</td><td>৫,৭০.৭৭,৩২৮</td></tr>
<tr><td>পশ্চিম</td><td>৬৯</td><td>৪,০৩,৮৪,৯৬৩</td><td>-</td><td>-</td><td>-</td><td>৩০০০০</td><td>৬৯</td><td>৪,০৩,৫৪,৯৬৩</td></tr>
<tr><td>মোট</td><td>১৭৬</td><td>৯,৭৬,০৯,৬৭২</td><td>-</td><td>-</td><td>-</td><td>১,১৭,৮১</td><td>১৭৬</td><td>৯,৭৪,৩২,২৯১</td></tr>
</table>

সভাপতি সার্টিফিকেট মামলা নিষ্পত্তি বৃদ্ধির জন্য তৎপরতা বৃদ্ধি এবং সার্টিফিকেট মামলা নিষ্পত্তি বৃদ্ধির জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত মাসিক রাজস্ব সভায় উপস্থিতি থাকার জন্য নির্দেশনা দেন।

</td><td>সার্টিফিকেট মামলা নিষ্পত্তি বৃদ্ধি করতে হবে এবং সার্টিফিকেট মামলা নিষ্পত্তি বৃদ্ধির জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত মাসিক রাজস্ব সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td><td>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২। অতিরিক্ত সচিব (আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়।<br>৩। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
<tr><td>৩.১১</td><td>

**রেলওয়ে স্বাস্থ্য সেবা কার্যক্রমঃ**

জানুয়ারি ২০২২ পর্যন্ত রেলওয়ে হাসপাতালের প্রয়োজনীয় তথ্যাদির বিবরণ নিম্নরূপ:

<table>
<tr><th>অঞ্চল</th><th>(চিকিৎসক) মঞ্জুরকৃত / কর্মরত</th><th>(নার্স) মঞ্জুরকৃত / কর্মরত</th><th>ভর্তি কর্মকর্তা/ কর্মচারী</th><th>ভর্তি নির্ভরশীল</th><th>বহি:বিভাগ কর্মকর্তা/ কর্মচারী</th><th>বহি:বিভাগ নির্ভরশীল</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>পূর্ব</td><td>৩৬/১৬</td><td>৪৯/২৯</td><td>৮৯</td><td>১৮</td><td>৩৭৬৪</td><td>১৬৪৮</td><td>-</td></tr>
<tr><td>পশ্চিম</td><td>৩৭/০৭</td><td>৩৩/১০</td><td>৪৩</td><td>২৬</td><td>৪৭০৬</td><td>৪০৯০</td><td>-</td></tr>
</table>

সভাপতি বাংলাদেশ রেলওয়ে হাসপাতালের সার্বিক কার্যক্রম যথা-ডাক্তার, নার্স, রোগী, ঔষধ সরবরাহ, মজুদ পরিস্থিতি সম্পর্কিত তথ্যাদি প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট নিয়মিত কর্মচারিদের পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করার নির্দেশনা দেন।

</td><td>(ক) রেলওয়ে হাসপাতালের ডাক্তার, নার্স, রোগী, ঔষধ সরবরাহ ও মজুদ পরিস্থিতির তথ্যাদি প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ;<br><br>(খ) স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট কর্মচারিদের পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে।</td><td>১। মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়;<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে;<br>৪। প্রধান চিকিৎসা কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
<tr><td>৩.১২</td><td>

**মুজিববর্ষ উদযাপনঃ**

মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে সম্মানিত যাত্রীসাধারণের আরামদায়ক রেলভ্রমন নিশ্চিতকরণে ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব খাতে মোট ৫৮টি স্টেশনের আধুনিকায়ন, মেরামত ও প্লাটফর্ম উঁচুকরণের কাজ হাতে নেয়া হয়। তার মধ্যে আগামী মার্চ ২০২২ মাসের মধ্যে কুমিরা, ফেনী, চাঁদপুর, লাকসাম, নোয়াখালী, কেওয়াটখালী, জামালপুর টাউন, নান্দিনা, গৌরিপুর ময়মনসিংহ জংশন, দেওয়ান বাজার, আখাউড়া, ভৈরব বাজার জংশন, শায়েস্তাগঞ্জ এবং কমলাপুর স্টেশনের ৪ ও ৫ নম্বর প্লাটফর্ম মেরামত ও উঁচুকরণের কাজ সমাপ্ত হবে। সভায় জানানো হয়, স্টেশনগুলোর আধুনিকায়নের কাজ তদারকির জন্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত পরিদর্শন কমিটি কাজগুলো নিয়মিত পরিদর্শন করছে এবং পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

</td><td>ক) কাজের গুনগত মান নিশ্চিত করে স্টেশনগুলোর আধুনিকায়নের কাজ সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) স্টেশনগুলোর আধুনিকায়নের কাজ তদারকির জন্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত পরিদর্শন কমিটির সুপারিশ</td><td>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়;<br>৩। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
</table>

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সভাপতি মুজিববর্ষ উদযাপন উপলক্ষে রেলপথ মন্ত্রণালয়ের গৃহিত রেল স্টেশন আধুনিকায়নের কাজ গুনগত মান নিশ্চিত করে যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল নির্দেশনা দেন। | বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব

নং ৫৪.০০.০০০০.০০৮.০৬.০৩৫.১৮-৫৬

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮ / ০৭ মার্চ ২০২২

কার্যার্থে/জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, বাসা-১২/সি, রোড-১০৫, গুলশান-২, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৬। অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি/আরএস/অপারেশন/অবকাঠামো/অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৭। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
৮। সহকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, পুরাতন রেলভবন, ঢাকা।
৯। মহাপরিচালক, রেলওয়ে অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১০। রেক্টর, রেলওয়ে প্রশিক্ষণ একাডেমী, চট্টগ্রাম।
১১। যুগ্মমহাপরিচালক (মেকানিক্যাল/প্রকৌশল/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১২। উপসচিব (সকল)/উপপ্রধান, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৪। সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১৫। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
১৬। প্রধান চিকিৎসা কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
১৭। প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
১৮। চীফ কমার্শিয়াল ম্যানেজার (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
১৯। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা/চট্টগ্রাম/লালমনিরহাট/পাকশী।
২০। সিনিয়র সহকারী সচিব (সকল)/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২২। সিনিয়র তথ্য কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২৩। চীফ কমান্ডেন্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
২৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২৬। আইন কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

৭/৩/২০২২
(মোঃ তৌফিক ইমাম)
উপসচিব